



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

আইন বিভাগ

পি, এ, বি, এস- ১৫৬০০২১-৫

১৫৬০০৩১-৫

ফোন : ১৫৬৩০০১

নং-এক/আইন-৭৯৫(অংশ-৫)/২০১৬-২০১৭/ ১৩১৪ (২)

তারিখ: ১২-০২-২০১৭খ্রি:

উপ-মহাব্যবস্থাপক,
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

“বিষয়টি অভীব জন্মগ্রী”

বিষয়ঃ অর্থ খণ্ড আদালত আইন-২০০৩ (সংশোধিত-২০১০) এর ৩৩(০৫) ধারা মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক এর অনুকূলে ভোগ দখল ও বিক্রয়ের অধিকার এর সনদ প্রাপ্তি সম্পত্তি দ্রুতভাবে সহিত বিক্রয়ের মাধ্যমে ব্যাংকের হালনাগাদ পাওনা আদায় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, আইন বিভাগের ০৩.১০.২০১৬ইং তারিখের ৫৫৭ নং পত্রের প্রতি দৃষ্টি আকর্ষন করা হলো।

০২। উক্ত পত্রের মাধ্যমে অর্থ খণ্ড আদালতে দায়েরকৃত মামলা সমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে আদায়ের সাক্ষয়াত্ত্বা ও উহা অর্জনের কলাকৌশল সম্পর্কে দিক নির্দেশনা দেয়া হয়েছিল। উক্ত পত্রের ৩(চ) অনুচ্ছেদে অর্থখণ্ড আদালত আইন, ২০০৩ (সংশোধিত - ২০১০) এর ৩৩(৫) ধারা মোতাবেক ব্যাংক এর অনুকূলে ভোগ দখল ও বিক্রয়ের অধিকার এর সনদপ্রাপ্তি সম্পত্তির বিষয়ে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়েছিল-

“ডিক্রীর দাবী আদায়ের উদ্দেশ্যে ন্যস্তকৃত বন্ধকী সম্পত্তি মাননীয় আদালত কর্তৃক ডিক্রীদারকে অর্থ খণ্ড আদালত আইন - ২০০৩ এর ৩৩(৫) ধারা মোতাবেক ভোগদখলের অধিকারসহ নিজ উদ্যোগে বিক্রি করার অধিকার দেয়া হয়ে থাকে। এহেন অবস্থায় শাখা ব্যবস্থাপককে ৩৩(১),(২),(৩) ও (৪) উপ- ধারা অনুসরন পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে নিলাম বিক্রির ব্যবস্থা নিতে হবে। বিক্রয়লক্ষ অর্থ ব্যাংকের হালনাগাদ পাওনাৰ চেয়ে বেশী হলে অতিরিক্ত টাকা দায়িককে ফেরত দিতে হবে আৱ কম হলে বাকী পাওনা আদায়ের জন্য নির্ধারিত (অর্থখণ্ড আদালত আইন -২০০৩ এর ২৮ ধারা অনুযায়ী) সময়ের মধ্যে খণ্ড গ্রহীতা ও সংশ্লিষ্টদের অন্যান্য সম্পত্তির তফসিল অর্জন্তুক করে ইতীয় জারী মামলা করতে হবে। এ পক্ষতি অনুসরন করা হলে খণ্ডের টাকা দ্রুত আদায় করা সম্ভব হবে”।

০৩। মাঠ পর্যায় থেকে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অর্থখণ্ড আদালত আইন-২০০৩ এর ৩৩(৫) ধারায় সনদপ্রাপ্ত সম্পত্তি নিলাম বিক্রয়ের মাধ্যমে ব্যাংকের হালনাগাদ পাওনা সমস্যার হার অত্যন্ত নগন্য। ফলে একদিকে ব্যাংকের পাওনা অনাদায়ী অবস্থায় থাকছে, অন্যদিকে উক্ত সম্পত্তির বিক্রয়মূল্য অথবা বাজার মূল্য ব্যাংকের হালনাগাদ পাওনার চেয়ে কম হলে বাকী পাওনা আদায়ের জন্য ২য় জারী মামলা দায়েরের বিষয়টি অর্থখণ্ড আদালত আইন-২০০৩ এর ২৮ ধারা অনুযায়ী তায়াদিতে বারিত হচ্ছে যা গভীর উদ্বেগজনক এবং ব্যাংকের স্বার্থের পরিপন্থী। এমতাবস্থায় অর্থখণ্ড আদালত আইন-২০০৩ এর ৩৩(৫) ধারায় সনদপ্রাপ্ত সম্পত্তি দ্রুত নিলাম বিক্রয়ের বাস্তব পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে। শাখা কর্তৃক অর্থখণ্ড আদালত আইন-২০০৩ এর ৩৩(৫) ধারায় সনদপ্রাপ্ত সম্পত্তি নিলাম বিক্রয় কার্যালয় নির্বাচিত প্রদান করা যাচ্ছে। শাখা কর্তৃক অর্থখণ্ড আদালত আইন-২০০৩ এর ৩৩(৫) ধারায় সনদপ্রাপ্ত সম্পত্তি নিলাম বিক্রয় কার্যালয় ও বিভাগের সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে পরামর্শ দেয়া হলো।

০৪। উল্লেখ্য যে, অর্থখণ্ড আদালত আইন-২০০৩ এর ৪৬ ধারায় উল্লেখিত সময়ের মধ্যে অর্থ খণ্ড আদালতে মামলা দায়ের, ৩৩(৫) ধারায় সনদপ্রাপ্ত সম্পত্তি সময়সূচি নিলামে বিক্রয়ের মাধ্যমে ব্যাংকের পাওনা টাকা আদায় এবং ২য় জারী মোকদ্দমা (প্রয়োজনীয় ক্ষেত্রে) দায়ের করার ক্ষেত্রে গাফলতির কারণে ব্যাংক আর্থিক ক্ষতির সম্মুখীন হলে এর দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তাগনের উপর বর্তাবে।

আপনার স্বিকৃত,
১০/২/২০১৭
(মোঃ হাবিব উল্লা)
মহাব্যবস্থাপক
তারিখ: ১০ -

নং-এক/আইন-৭৯৫(অংশ-৫)/২০১৬-২০১৭/ ১৩১৪ (২)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা এহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। টাক টাক অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। টাক অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। টাক অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। সকল মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয় সমূহ। উপরোক্ত নির্দেশনা সমূহ যথাযথভাবে বাস্তবায়ন পূর্বক ৩৩(৫) ধারায় প্রাপ্ত সম্পত্তি নিলামের মাধ্যমে দ্রুত বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ ও ব্যাংকের পাওনা আদায় নিশ্চিত করণ কংগ্রেস বিভাগাধীন সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হলো।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা কে মূল প্রতি বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। নথি/ মহানথি।

১০/২/২০১৭
(মোঃ হোসেন মাহবুব)
উৎসর্তন মুখ্য কর্মকর্তা